

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/৩(৭২)/২০২৪/৫২০

তারিখঃ ২৯-১২-২০২৪

বিজ্ঞপ্তি

কৃষি প্রাধান্য বিশ্ববিদ্যালয়সমূহে গুচ্ছ পদ্ধতির আওতায় ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে গত ০৯-১২-২০২৪ থেকে ১১-১২-২০২৪ তারিখ পর্যন্ত ভর্তি সম্পন্নকৃত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী অটোমাইগ্রেশনের মাধ্যমে অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করার জন্য বলা হলো।

নির্দেশাবলী :


- (১) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত শিক্ষার্থীদের আগামী ০৫-০১-২০২৫ তারিখ রবিবার সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.০০ টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের দ্বিতীয় তলায় ২২৩ নম্বর কক্ষে স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- (২) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ/প্রোগ্রামের জন্য নিম্নবর্ণিত প্রযোজ্য ভর্তি ফি এর সাথে ইতোপূর্বে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত ফি সমন্বয় করতে হবে বিধায় ফি জমার রশিদের ফটোকপি সঙ্গে নিয়ে আসতে হবে।

অনুষদের নাম	প্রোগ্রাম/ডিগ্রির নাম	ফি'র পরিমাণ
কৃষি	বি.এসসি. এজি. (অনার্স)	১৭৪০০.০০
এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট	বি.এসসি. এগ্রিকালচারাল ইকোনোমিক্স (অনার্স)	১৭৬০০.০০
এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন	বি.এসসি. ভেট. সাইন্স এন্ড এ.এইচ.	২৩৮৫০.০০
ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স	বি.এসসি. ফিশারিজ (অনার্স)	১৭১০০.০০

উপরোক্ত ফি ছাড়াও আবাসিক হলে আবাসিক হিসেবে সংযুক্তির জন্য ২৭৫০/- টাকা এবং অনাবাসিক হিসেবে সংযুক্তির জন্য ১২৫০/- টাকা নির্ধারিত আছে।

- (৩) স্থানান্তরিত শিক্ষার্থীদেরকে ০৪ কপি পাসপোর্ট সাইজের ফটো (ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে প্রদত্ত ছবির অনুরূপ), এসএসসি/সমমান পরীক্ষার সনদের ০১ সেট ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সার্টিফিকেট এর ফটোকপি জমা দিতে হবে।
- (৪) ভর্তির দিন এ বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট গ্রহণ করতে হবে।
- (৫) ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন আগামী ০৬-০১-২০২৫ তারিখ রবিবার সকাল ০৯.০০ ঘটিকায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের টিএসসি কমপ্লেক্সের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে এবং ০৭-০১-২০২৫ থেকে স্ব-শরীরে ক্লাশ শুরু হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,


(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার

বিশেষ প্রয়োজনে : ০১৯০৪৬২৬৩০৫

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ, শেকৃবি
- ২। প্রভোস্ট (সকল).....শেকৃবি
- ৪। প্রক্টর, শেকৃবি
- ৫। পরিচালক (অর্থ ও হিসাব)..... শেকৃবি
- ৬। পরিচালক, আইসিটি সেল, শেকৃবি (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৭। চীফ মেডিকেল অফিসার, শেকৃবি
- ৮। এডিশনাল রেজিস্ট্রার/অতিরিক্ত পরিচালক (সংশ্লিষ্ট).....শেকৃবি
- ৯। জনসংযোগ কর্মকর্তা, শেকৃবি
- ১০। ভিসি মহোদয়ের একান্ত সচিব(ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি
- ১১। পিএ টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি
- ১২। পিএ টু ট্রেজারার/রেজিস্ট্রার (ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি
- ১৩। অফিস নথি/মহানথি